



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১



website: www.bmeb.gov.bd. E-mail: info@bmeb.gov.bd Fax-58616681, 58617908, 9615576

স্মারক নং- বামাশিবো/কারিকুলাম/৯০/৩৭৭

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৬ বং
২০ জুলাই ২০১৯ খ্রি.


বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাদ্রাসা শিক্ষাধারার ইবতেদায়ি, দাখিল ও আলিম স্তরের কারিকুলাম পরিমার্জনে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রমে সহযোগিতা প্রদান

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০৮৫.৬৭.০১২.১৭-২২২; তারিখ: ০৮ মে ২০১৮ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাদ্রাসা শিক্ষাধারার ইবতেদায়ি, দাখিল ও আলিম স্তরের কারিকুলাম পরিমার্জনের লক্ষ্যে আগামী ১৩-২৪ জুলাই ২০১৯ খ্রি. তারিখে সারা দেশের ১২০টি মাদ্রাসা হতে তথ্য সংগ্রহ করা হবে। তথ্য সংগ্রহের জন্য মহোদয়ের মাদ্রাসাকে নির্বাচিত করা হয়েছে। নির্ধারিত তারিখে ০২ (দুই) জন তথ্য সংগ্রহকারী কর্মকর্তা [জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)'র একজন কর্মকর্তা ও একজন মাদ্রাসা শিক্ষক] মহোদয়ের মাদ্রাসা হতে তথ্য সংগ্রহ করবেন। এ বিষয়ে ইতোমধ্যে মাদ্রাসার ঠিকানায় এবং মহোদয়কে ই-মেইলে অফিস আদেশ প্রেরণ করা হয়েছে। একই সাথে তা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটেও প্রকাশ করা হয়েছে।

জাতীয় গুরুত্বপূর্ণ এ কার্যক্রমে মহোদয়ের কার্যকর সহযোগিতা একান্তভাবে কাম্য। সহযোগিতার ক্ষেত্রে করণীয় বিষয়ে সংযুক্তিতে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২০.০৭.১৯

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা

অধ্যক্ষ/ সুপার/ ইবতেদায়ি প্রধান





বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১



website: www.bmeb.gov.bd. E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ইবতেদায়ি, দাখিল ও আলিম স্তরের কারিকুলাম পরিমার্জনের
জন্য সমীক্ষা-২০১৯ এর অধীন তথ্যসংগ্রহ কার্যক্রম

মাদ্রাসা প্রধানগণের জন্য নির্দেশনা

ক্রমিক নং	তথ্য দাতা	সংখ্যা	মন্তব্য
১.	প্রতিষ্ঠান প্রধান	১	প্রতিষ্ঠান প্রধানের সাক্ষাৎকার গ্রহণ করা হবে
২.	প্রতিষ্ঠান (ভৌত অবকাঠামো)	১	প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো বিষয়ে পর্যবেক্ষণ, রেকর্ড ও প্রশ্নোত্তরের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে
৩.	শিক্ষক (ইবতেদায়ি স্তর)	৫	প্রশ্নোত্তরকার মাধ্যমে প্রত্যেক শিক্ষকের নিকট হতে পৃথক পৃথকভাবে তথ্য সংগ্রহ করা হবে
৪.	শিক্ষক (দাখিল স্তর)	৫	প্রশ্নোত্তরকার মাধ্যমে প্রত্যেক শিক্ষকের নিকট হতে পৃথক পৃথকভাবে তথ্য সংগ্রহ করা হবে
৫.	শিক্ষক (আলিম স্তর)	৫	• শুধুমাত্র আলিম/ফায়িল/কামিল মাদ্রাসার ক্ষেত্রে প্রযোজ্য • প্রশ্নোত্তরকার মাধ্যমে প্রত্যেক শিক্ষকের নিকট হতে পৃথক পৃথকভাবে তথ্য সংগ্রহ করা হবে
৬.	শিক্ষার্থী (ইবতেদায়ি স্তর)	১০	• যথাসম্ভব ৫ম শ্রেণি • একটি কক্ষে আনুমানিক ১৫ জনের গোল হয়ে বসার আসন ব্যবস্থা প্রয়োজন হবে
৭.	শিক্ষার্থী (দাখিল স্তর)	১০	• যথাসম্ভব ১০ম শ্রেণি • একটি কক্ষে আনুমানিক ১৫ জনের গোল হয়ে বসার আসন ব্যবস্থা প্রয়োজন হবে
৮.	শিক্ষার্থী (আলিম স্তর)	১০	• শুধুমাত্র আলিম/ফায়িল/কামিল মাদ্রাসার ক্ষেত্রে প্রযোজ্য • যথাসম্ভব ১২শ শ্রেণি • একটি কক্ষে আনুমানিক ১৫ জনের গোল হয়ে বসার আসন ব্যবস্থা প্রয়োজন হবে
৯.	অভিভাবক	১০	• ইবতেদায়ি, দাখিল এবং আলিম স্তরের শিক্ষার্থীর অভিভাবক মোট ১০জন • একটি কক্ষে আনুমানিক ১৫ জনের গোল হয়ে বসার আসন ব্যবস্থা প্রয়োজন হবে • তথ্য সংগ্রহকারীর চাহিদা মোতাবেক ০১ (এক) দিন
১০.	শ্রেণি কার্যক্রম	২	তথ্য সংগ্রহকারীগণ ০২ (দুই) টি চলমান শ্রেণির কার্যক্রম পর্যবেক্ষণ করবেন

- ক্রমিক নং ৩ হতে ৯-এ উল্লিখিত তথ্যদাতাগণকে পূর্বেই মনোনয়নপূর্বক অবহিত করতে হবে;
- মনোনয়নের ক্ষেত্রে লিঙ্গসমতা রক্ষার বিষয়ে যত্নবান হওয়া প্রয়োজন;
- স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার ক্ষেত্রে ক্রমিক নং ৪, ৫, ৭, ৮ প্রযোজ্য নয়;
- কার্যক্রমটির বিষয়ে অধিকতর তথ্যের প্রয়োজন হলে মাদ্রাসায় তথ্য সংগ্রহের জন্য নির্ধারিত তথ্য সংগ্রহকারী কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে (তথ্য সংগ্রহকারী কর্মকর্তাগণের নাম ও মোবাইল নম্বরের জন্য দ্রষ্টব্য: অফিস আদেশ স্মারক নং-বামাশিবো/কারিকুলাম/৯০/৩৭৪; তারিখ: ০৯ জুলাই ২০১৯ খ্রি., যা ই-মেইলে প্রেরণ এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে)।
- বর্ণিত কার্যক্রমে সংশ্লিষ্ট মাদ্রাসার কোন আর্থিক সংশ্লেষ থাকবে না; অর্থাৎ মাদ্রাসার কোন আর্থিক ব্যয় হবে না।

ME